

দুর্নীতি দমন কমিশন  
প্রধান কার্যালয়  
ঢাকা

নং দুদক/১৪-২০১৫/বিবিধ/সংস্থাপন/

২৭০৫৩

তারিখ: ২৩/৬/১৭

নিয়োগ বিজ্ঞপ্তি

দুর্নীতি দমন কমিশনের নিম্নলিখিত শূন্য পদসমূহ পূরণের জন্য বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাদিসহ পদের পার্শ্বে উল্লিখিত বেতনক্রমে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম ও বেতনক্রম	শূন্য পদের সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা
২.	গাড়ী চালক জাতীয় বেতনক্রম: ৳ ৯,৩০০-২২৪৯০ (গ্রেড-১৬)	১০	-এ-	কোন স্বীকৃত বোর্ড হতে ২য় বিভাগে অথবা সমমানের গ্রেড পয়েন্টে মাধ্যমিক স্কুল বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং হালকা বা ভারী গাড়ী চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে

আবেদনকারীগণের জন্য প্রযোজ্য/অনুসরণীয় শর্তাবলী

- আবেদনকারীকে নির্ধারিত ছকে আবেদন করতে হবে এবং প্রদত্ত প্রবেশপত্রের নমুনা যথাযথভাবে পূরণপূর্বক আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রের ছক ও প্রবেশপত্রের নমুনা দুর্নীতি দমন কমিশনের ওয়েবসাইট [www.acc.org.bd](http://www.acc.org.bd)-এ পাওয়া যাবে।
- আবেদনপত্র সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ১ সেগুনবাগিচা, ঢাকা বরাবর ২০ জুন, ২০১৭ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। আবেদনপত্র অবশ্যই ডাকযোগে পাঠাতে হবে। কুরিয়ার সার্ভিস এবং হাতে হাতে কোন আবেদন গ্রহণ করা হবে না। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গৃহীত হবে না।
- আবেদনকারীর বয়স ২০ জুন, ২০১৭ তারিখ সর্বনিম্ন ১৮ বৎসর এবং অনূর্ধ্ব ৩০ বৎসর হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা প্রার্থীদের ক্ষেত্রে বয়স ০২ (দুই) বছর পর্যন্ত শিথিলযোগ্য।
- আবেদনকারীগণ সচিব, দুর্নীতি দমন কমিশন-এর অনকুলে 'পরীক্ষার ফি' বাবদ ১০০/- টাকা ট্রেজারি চালানের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক ট্রেজারি শাখার হিসাব কোড নং ১-৬৭০১-০০০১-২০৩১ এ জমা প্রদান করে চালানের মূলকপি আবেদনের সাথে জমা দিতে হবে।
- প্রার্থীকে আবেদনপত্রের সাথে শুধুমাত্র ট্রেজারি চালানের মূলকপি ও নমুনা প্রবেশপত্র যথাযথভাবে পূরণ করে সংযুক্ত করতে হবে। এছাড়া অন্য কোন কাগজপত্র প্রেরণের প্রয়োজন নেই।
- শুধুমাত্র জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক অথবা আইন অনুযায়ী বাংলাদেশের স্থায়ী নাগরিকগণ আবেদনের যোগ্য।
- প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে প্রচলিত বিধি মোতাবেক সকল ধরনের কোটা নীতি অনুসরণ করা হবে।
- মহিলা, উপজাতি, মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধা না পাওয়ার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা প্রার্থীদের জন্য কোটা সংরক্ষণ সংক্রান্ত বর্তমান সরকারি নির্দেশ অনুসরণ করা হবে।
- প্রার্থীগণের বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- সরকারী, আধা-সরকারী এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- আবেদনপত্র প্রেরণের খামের উপর পদের নাম, নিজ জেলা ও বিশেষ কোটা (প্রযোজ্য ক্ষেত্রে) স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে এবং আবেদনপত্রের সাথে প্রার্থীর নাম ও ঠিকানা উল্লেখপূর্বক ৪/- (চার) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকিট যুক্ত ৯.৫×৪.৫ ইঞ্চি বিশিষ্ট একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।
- কেহ প্রকৃত তথ্য গোপন করে চাকুরী গ্রহণ করলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- মৌখিক পরীক্ষার সময় আবেদনকারীকে (১) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, (২) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কমিশনার/ মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, (৩) প্রথম শ্রেণীর গেজেটেড সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, (৪) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনপত্র, (৫) ড্রাইভিং লাইসেন্সসহ প্রযোজ্য অন্যান্য সনদ/প্রত্যয়নপত্রের মূলকপি আনতে হবে।
- আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি রঙিন সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

৪

- ১৬। চাকুরীরত ব্যক্তিদের মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থার ছাড়পত্রটি সাক্ষাৎকারের সময় দাখিল করতে হবে। অন্যথায় সাক্ষাৎকার গ্রহণ করা হবে না।
- ১৭। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা, মহিলা, এতিম, প্রতিবন্ধী এবং উপজাতি প্রার্থীদের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কতৃপক্ষের সার্টিফিকেট মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।
- ১৮। ব্যবহারিক/বাছাই পরীক্ষা/লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন রকম ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।
- ১৯। দুর্নীতি দমন কমিশনের নিয়োগবিধিতে উল্লিখিত নির্ধারিত নিয়ম অনুযায়ী পরীক্ষা গ্রহণ করা হবে।
- ২০। নিয়োগের ক্ষেত্রে কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য করা হবে।
- ২১। সম্পূর্ণরূপে যোগ্যতা ও মেধার ভিত্তিতে স্বচ্ছতার মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে। যেকোন প্রকার তদবির বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে। এমনকি কোন দরখাস্তে কোনরূপ সুপারিশ উল্লেখ থাকলে উক্ত দরখাস্তও বাতিল বলে গণ্য হবে।
- ২২। বিজ্ঞাপিত শূন্য পদের ত্রাস-বৃদ্ধি বা বাতিল/প্রত্যাহারের অধিকার কমিশন সংরক্ষণ করেন।

দরখাস্ত গ্রহণের সর্বশেষ তারিখ: ২০ জুন, ২০১৭



সচিব  
দুর্নীতি দমন কমিশন